

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৭ ১৮

আগরতলা, ২৯ জানুয়ারি, ২০২৪

পরীক্ষা পে চর্চা অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী

প্রধানমন্ত্রী যেসব বিষয় সমূহ সবার সামনে তুলে ধরেছেন সেগুলি  
আমাদের জীবনে চলার পথে মেনে চললে জীবনের পথ সুগম হবে

‘পরীক্ষা পে চর্চা’ অনুষ্ঠানের সপ্তম সংস্করণে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ ছাত্রছাত্রী, শিক্ষক শিক্ষিকা ও অভিভাবকদের সঙ্গে বিভিন্ন বিষয়ে মতবিনিময় করেন। নতুন দিল্লির প্রগতি ময়দানের ভারত মন্ডপম-এ এই অনুষ্ঠানের আয়োজন করা হয়। মতবিনিময় পর্বের আগে প্রধানমন্ত্রী অনুষ্ঠানস্থলে ছাত্রছাত্রীদের প্রদর্শিত প্রদর্শনীসমূহ পরিদর্শন করেন। অনুষ্ঠানে কেন্দ্রীয় মানবসম্পদ উন্নয়নমন্ত্রী ধর্মেন্দ্র প্রধানও উপস্থিত ছিলেন। এই বছর ‘পরীক্ষা পে চর্চা’ অনুষ্ঠানে ভারতীয়রা ছাড়াও বিদেশে বসবাসকারী ভারতীয় ছাত্রছাত্রীরাও যোগ দিয়েছিলেন। অনুষ্ঠানে মতবিনিময় পর্বে তাদের নানা প্রশ্নের জবাব দেন প্রধানমন্ত্রী। রাজ্যের পশ্চিম ত্রিপুরার প্রণবানন্দ বিদ্যামন্দিরের ছাত্রী অন্তিম চক্রবর্তী প্রধানমন্ত্রীকে প্রশ্ন করেন। আগরতলার মহারানী তুলসীবতী উচ্চতর মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে ভার্চুয়াল মাধ্যমে ‘পরীক্ষা পে চর্চা’ অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডাঃ) মানিক সাহা উপস্থিত ছিলেন। মুখ্যমন্ত্রীর সঙ্গে শিক্ষা দপ্তরের বিশেষ সচিব রাভেল হেমেন্দ্র কুমার, মধ্যশিক্ষা অধিকর্তা এন সি শর্মা সহ বিদ্যালয়ের প্রধান শিক্ষক, শিক্ষক শিক্ষিকা সহ ছাত্রীরা ‘পরীক্ষা পে চর্চা’ অনুষ্ঠানটি শুনেন।

অনুষ্ঠান শেষে সাংবাদিকদের সাথে কথা বলার সময় মুখ্যমন্ত্রী প্রফেসর (ডাঃ) মানিক সাহা বলেন, ‘পরীক্ষা পে চর্চা’ অনুষ্ঠানে প্রধানমন্ত্রী যেসব বিষয়সমূহ সবার সামনে তুলে ধরেছেন সেগুলি আমাদের জীবনে চলার পথে মেনে চললে জীবনের পথ সুগম হবে। পথ প্রদর্শক হিসেবে তিনি আজ নিজেকে তুলে ধরেন। ঘর থেকে সমাজ জীবনের প্রতিটি বিষয় আজ এই মতবিনিময়পর্বে উঠে এসেছে। প্রযুক্তিকে শিক্ষার টুল হিসেবে ব্যবহারের উপরও প্রধানমন্ত্রী গুরুত্বারোপ করেন। নিজেকে চাপ মুক্ত রেখে ইতিবাচক চিন্তাভাবনা নিয়ে এগিয়ে যাওয়ার জন্য প্রধানমন্ত্রী শিক্ষার্থীদের পরামর্শ দেন। শিক্ষার্থীদের আত্মবিশ্বাস বাড়ানোর পদ্ধতিগুলি সম্পর্কেও প্রধানমন্ত্রী আলোচনা করেন। ছেলে মেয়েরা কিভাবে পিতামাতা ও শিক্ষক শিক্ষিকাদের আত্মবিশ্বাস ও আস্থার প্রতীক হয়ে উঠবে সেই বিষয়সমূহ তিনি তুলে ধরেন।

\*\*\*\*\*